

## ■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, নিফাকের প্রকারগুলো কী কী?

উত্তর: বল, নিফাক দুই প্রকার। বড় নিফাক ও ছোট নিফাক।

বড় নিফাক: তা হলো ঈমান প্রকাশ করা ও কুফর গোপন করা। এটি ইসলাম ধর্মের প্রতি বিদ্বেষ পোষণ, তার বিজয়কে অপছন্দ করা ও তার ধারক মুসলিমদের অপছন্দ করা, তাদের সাথে যুদ্ধ ঘোষণা ও তাদের দীন নষ্ট করার সবচেয়ে বড় আলামত।

ছোট নিফাক: আর এটি হচ্ছে অন্তরে কুফর গোপন করা ছাড়াই মুনাফিকদের আমলের সাদৃশ্য করা। যেমন কথা বলার সময় মিথ্যা বলা, ওয়াদা করে খেলাফ করা ও আমানতের খেয়ানত করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মুনাফিকদের আলামত তিনটি: যখন কথা বলে মিথ্যা বলে, যখন আমানত রাখা হয় খিয়ানত করে ও যখন ওয়াদা করে ভঙ্গ করে"। (সহীহ বুখারী)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9958

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন